**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-07-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Union Budget :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন গতকাল লোকসভায় ২০২৪-২৫ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন। অর্থমন্ত্রী জানান, ২০২৪-২৫ সালের জন্য, ঋণ ব্যতীত মোট আয় ৩২. ০৭ লক্ষ কোটি টাকা এবং মোট ব্যয় ধার্য্য হয়েছে ৪৮.২১ লক্ষ কোটি টাকা। মোট কর সংগ্রহের পরিমাণ ২৫.৮৩ লক্ষ কোটি টাকা হবে বলে ধরা হয়েছে এবং রাজস্ব ঘাটতি আনুমানিক জিডিপির ৪.৯ শতাংশ ধরা হয়েছে। বাজেটে বার্ষিক প্রবৃদ্ধির হার ৮.২% হবে বলে ধরা হয়েছে। ব্যক্তিগত আয়কর ক্ষেত্রে অর্থমন্ত্রী দুটি ঘোষণা করেন।

*************************

**PM on Budget :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট হল বিকশিত ভারতের জন্য, যা অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি নিশ্চিত ও সমাজের প্রতিটি অংশকে উপকৃত করে একটি উন্নত ভারতের পথ প্রশস্ত করবে। কেন্দ্রীয় বাজেট নিয়ে একটি ভিডিও বার্তায় শ্রী মোদী বলেন, বাজেট নতুন সুযোগ, নতুন শক্তি, নতুন কর্মসংস্থান এবং স্ব-রোজগারের সুযোগ এনেছে। তিনি অর্থমন্ত্রী নির্মলা সীতারামন এবং তার পুরো দলকেও অভিনন্দন জানিয়েছেন।

*************************

**Union Budget C.M. :**

কেন্দ্রীয় বাজেটকে জনকল্যাণমুখী বাজেট বলে মন্তব্য করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। গতকাল লোকসভায় পেশ হওয়া ২০২৪-২৫ অর্থ বছরের বাজেটের উপর প্রতিক্রিয়ায় মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন যে বাজেট পেশ করেছেন, তা প্রকৃতঅর্থে একটি জনকল্যাণমুখী বাজেট। সার্বিক বাজেট যাকে বলে এবারের বাজেটে তা প্রতিফলিত হয়েছে বলে মন্তব্য করেন মুখ্যমন্ত্রী ।

************************

**Budget NE :**

প্রস্তাবিত বাজেটে উত্তর পূর্বাঞ্চলের সাংস্কৃতিক পর্যটন বিকাশের জন্য ব্যাপক তহবিলের সংস্থান রাখা হয়েছে। বাজেটে বলা হয়েছে ব্যাঙ্কিং পরিষেবা সম্প্রসারণের জন্য উত্তর পূর্বাঞ্চলে ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্কের ১০০টিরও বেশি শাখা স্থাপন করা হবে।

*******************

**NDA on Budget :**

এনডিএ নেতৃবৃন্দ কেন্দ্রীয় বাজেটের প্রশংসা করেছেন। টিডিপি নেতা কিঞ্জরাপু রাম মোহন নাইডু, বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল, কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, প্রবীণ বিজেপি নেতা রবিশঙ্কর প্রসাদ, বিজেপি নেতা রবি কিষাণ বাজেটকে চমৎকার বলে অভিহিত করে বলেছেন যে বাজেট আগামী বছরগুলিতে ভারতের উন্নয়নের গতিপথকে চালিত করবে।

*******************

**Opposition on Budget :**

কংগ্রেস বাজেটের সমালোচনা করে বলেছে, এটি একটি অপ্রীতিকর বাজেট। সাংসদ শশী থারুর বলেছেন, বাজেটে MGNREGA-র কোনও উল্লেখ নেই।

সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবও কেন্দ্রীয় বাজেটের সমালোচনা করে বলেছেন, এটি মুদ্রাস্ফীতি এবং বেকারত্বের সমস্যাগুলি সমাধান করতে ব্যর্থ হয়েছে। তিনি অভিযোগ করেন, বাজেটে কৃষকদের জন্য সুনির্দিষ্ট কিছু নেই।

**********************

**CM - FLOOD LIGHT :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে নতুনভাবে স্থাপিত ফ্লাড লাইটের উদ্বোধন করে রাজ্যজুড়ে উন্নত ক্রীড়া পরিকাঠামো গড়তে রাজ্য সরকারের উদ্যোগ বিস্তারিত উল্লেখ করেন। মুখ্যমন্ত্রী বলেন, উচ্চ ক্ষমতাসম্পন্ন এই ফ্লাড লাইট স্থাপনে পাঁচ কোটি টাকা ব্যয় হয়েছে। এর ফলে এখন থেকে রাতেও ফুটবলের আসর আয়োজন করা সম্ভব হবে। ফ্লাড লাইট উদ্বোধনের পর উমাকান্ত মাঠে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের তৃতীয় ডিভিশন লীগের খেতাব নির্ণায়ক প্লে অব ম্যাচ অনুষ্ঠিত হয়। এতে মুখোমুখি হয় সরোজ সংঘ ও ঐকতান যুব সংস্থা।

*******************

**Panchayat election - BJP.**

পঞ্চায়েত নির্বাচন কেন্দ্র করে গতকাল মোহনপুর মহকুমার পঞ্চবটি কমিউনিটি হলে বিজেপির এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখতে গিয়ে বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ জিলা পরিষদ নির্বাচনে বিজেপি প্রার্থী জয়লাল দাস সহ অন্যান্যরা সভায় উপস্থিত ছিলেন।

**********************

**Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা অভিযোগ করেছেন, সম্প্রতি গন্ডাছড়ায় ঘটে যাওয়া অনভিপ্রেত ঘটনার পর থেকে ত্রিপুরা রাজ্যে গণতন্ত্রের পরিবেশ নেই। গতকাল এক সাংবাদিক সম্মেলনে শ্রী সাহা অভিযোগ করেন, গন্ডাছড়ায় যে ঘটনা ঘটে গেছে, তার খবরাখবর নিতে আগাম অনুমতি নিয়ে তিনি গন্ডাছড়ায় যেতে চেয়েছিলেন। কিন্ত  পুলিশ তাদের বাধা দেয়। তিনি অভিযোগ করেন সত্য ঘটনাকে আড়াল করার চেষ্টা করা হচ্ছে।

*********************

**Jal Jeevan Mission :**

সারা দেশে ১৫ কোটি গ্রামীণ পরিবারকে কলের জলের সংযোগ প্রদান করে জাতীয় জল জীবন মিশন গতকাল একটি ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে। মিশনটি অভূতপূর্ব গতিতে ২০১৯ সালের তিন কোটি থেকে পাঁচ বছরে ১৫ কোটিতে পৌঁছেছে।

*********************

**Detain of 5 Bangladeshi :**

আগরতলা রেল ষ্টেশনে গতকাল চার বাংলাদেশিকে গ্রেপ্তার করেছে পুলিশ। রেলথানার ওসি তাপস দাস জানান, বেআইনিভাবে অনুপ্রবেশের অভিযোগে চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। এদিকে, মধুপুর সীমান্ত এলাকায় এক বাংলাদেশি যুবককে BSF বেআইনি প্রবেশের অভিযোগে গতকাল গ্রেপ্তার করেছে ।

*********************

**163 Imposed :**

বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে খোয়াই জেলার জেলাশাসক  জেলার সমস্ত সীমান্ত এলাকার ৫০০ মিটারের মধ্যে আগামী ২৮শে জুলাই থেকে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা আইন ১৬৩ জারী করবেন।  এই ধারা ২৫ সেপ্টেম্বর পর্যন্ত বলবৎ থাকবে। নির্দেশ অনুযায়ী, প্রতিদিন রাত আটটা থেকে পরদিন ভোর পাঁচটা পর্যন্ত সীমান্ত এলাকার ৫০০ মিটারের মধ্যে সাধারণ জনগণের চলাফেরার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। এই নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। জেলাশাসক চাঁদনী চন্দ্রন জানিয়েছেন নতুন আইনে ১৪৪ ধারাই ১৬৩ ধারা হিসেবে পরিবর্তিত হয়ে এসেছে।

****************************

**Accident Death :**

বাইক দুর্ঘটনায় গতকাল সিধাই মোহনপুরে এক যুবকের মৃত্যু হয়েছে। পুলিশ জানিয়েছে, নিহত যুবক রুপক পাল বাইকে মোহনপুর থেকে আগরতলার দিকে যাওয়ার পথে দুর্ঘটনার কবলে পড়েন। তাকে মোহনপুর স্বাস্থ্যকেন্দ্রে নেওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

*********************

**Weather :**

আজ আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে তাপমাত্রা ছিল সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*******************

********************